

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
সেন্সাস উইং
নৌযান শুমারি কার্যক্রম
পরিসংখ্যান ভবন (১০ম তলা, ব্লক-১)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা ১২০৭
www.bbs.gov.bd

নং- ৫২.০১.০০০০.৪০০.১৪.০০১.২৫. ২৮

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: নৌপরিবহন অধিদপ্তরের আর্থিক সহায়তায় বিবিএস কর্তৃক নৌযান শুমারি পরিচালনার নিমিত্ত দেশের ইঞ্জিন চালিত সকল নৌযান এবং ঘাটের তথ্য প্রেরণ সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক নৌযান শুমারি পরিচালনার নিমিত্ত নৌপরিবহন অধিদপ্তর এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মধ্যে গত ২১/০৮/২০২৫ তারিখে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। স্বাক্ষরিত সমঝোতা স্মারক ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী শুমারি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে চলতি অর্থবছরে নৌযান শুমারির লিস্টিং/ম্যাপিং অপারেশন পরিচালনার পরিকল্পনা রয়েছে।

০২। লিস্টিং অপারেশনের জন্য সম্ভাব্য লিস্টার সংখ্যা প্রাক্কলনের নিমিত্ত দেশের ইঞ্জিন চালিত সকল নৌযান এবং ঘাটের তথ্যাদি জানা প্রয়োজন হবে। উল্লেখ্য, নৌযান শুমারির মাধ্যমে বাংলাদেশের সকল সমুদ্রগামী, উপকূলীয় এবং অভ্যন্তরীণ জলসীমায় চলাচলকারী ইঞ্জিনচালিত নৌযান এবং ডাম্বার্জ ও অন্যান্য যেকোন নৌযান যা যন্ত্রচালিত নয়, তবে অন্য কোন যন্ত্রচালিত নৌযান দ্বারা টেনে বা ধাক্কায় চালিত হয়, এরূপ সকল নৌযানসমূহের ডাটাবেইজ প্রণয়ন করা হবে।

০৩। বর্ণিতাবস্থায়, নৌযান শুমারি পরিচালনার লক্ষ্যে দেশের ইঞ্জিন চালিত সকল নৌযান (রেজিস্ট্রার্ড এবং আনরেজিস্ট্রার্ড) ও ঘাটের হালনাগাদ তথ্যাদি নিম্নবর্ণিত ছক মোতাবেক জেলাভিত্তিক আগামী ১৫/০৯/২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, কোনো এলাকায় ঘাটের সংখ্যা বর্ষা মৌসুমে বেশি হলে তা বিবেচনায় নিয়ে হিসাব প্রণয়ন করতে হবে।

ক্রমিক	বিভাগ	জেলা	উপজেলা	ঘাটের নাম	নৌযান সংখ্যা	মন্তব্য
১						
২						
মোট						

০৪। এতে মহাপরিচালক, বিবিএস মহোদয়ের অনুমোদন রয়েছে।


মোঃ আরিফ হোসেন

উপপরিচালক

ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা

ই-মেইলঃ arifbbs30@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) উপপরিচালক/উপপরিচালক (ভারপ্রাপ্ত)/উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), জেলা পরিসংখ্যান কার্যালয় (সকল), বিবিএস।
- ২) অফিস কপি।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- ১) যুগ্মপরিচালক/যুগ্মপরিচালক (ভারপ্রাপ্ত)/ যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল), বিবিএস।
- ১) স্টাফ অফিসার, মহাপরিচালকের কার্যালয়, বিবিএস।